

**২০২৩**  
**বাংলা**

(অনাস)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

প্রথম সেমেষ্টার

প্রথম পত্র : BNGH-CC-T-1

(বাংলা সাহিত্যের ইতিহাস ও বাংলা ভাষাতত্ত্ব-১ম ভাগ)

(Old CBCS Syllabus)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ প্রান্তহু সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $2 \times 10 = 20$

- ক) ধর্মপূজার প্রবর্তক কাকে বলা হয়? 'শূন্যপুরাণ'-এর আর কী কী নাম পাওয়া যায়?
- খ) 'নন্দের নন্দন কৃষ্ণ মোর প্রাণনাথ' — কার লেখা কোন্‌ কাব্যের অংশ? কোন্‌ শতাব্দীতে এই কাব্য রচিত হয়?
- গ) 'বড়ু' কথাটির অর্থ কি? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ভগিতায় কবি নিজেকে কোন্‌ দেবীর উপাসকরূপে চিহ্নিত করেছেন?
- ঘ) কোন্‌ বৈষ্ণব কবিকে 'কবি সার্বভৌম' বলা হয়? তিনি কোন্‌ ভাষায় কাব্য রচনা করেন?
- ঙ) পূর্ববঙ্গধারার দু'জন মনসামঙ্গল কবির নাম লেখো।

[পরের পাতায়]

- চ) ‘গুজরাট নগরপত্ন’ অংশ কোন্ মঙ্গলকাব্যে পাওয়া যায় ?  
 নিদয়ার পুত্রের নাম কী ?
- ছ) বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদক কবি কে ছিলেন ?  
 তাঁর কাব্যের নাম কী ?
- জ) ‘আত্মেন্দ্রিয় প্রীতি ইচ্ছা তারে বলি কাম।  
 কৃষ্ণেন্দ্রিয় প্রীতি ইচ্ছা ধরে প্রেম নামা’।  
 — কোন্ গ্রন্থে রয়েছে এবং কার লেখা ?
- ঝ) ধর্মঙ্গল কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থ কোনটি ? গ্রন্থটির  
 রচয়িতা কে ?
- ঝঃ) ‘প্রেম বিনে ভাব নাহি, ভাব বিনে রস  
 ত্রিভুবনে যত দেখ প্রেম হস্তে বশ।’  
 —কার লেখা, কোন্ কাব্যের অংশ ?
- ট) ঘৃষ্টধর্মনি কাকে বলে ? উদাহরণ দাও।
- ঠ) সুমেরীয় বাণমুখ লিপির অপর নাম বলো। ভারতবর্ষের  
 প্রাচীনতম দৃটি লিপিমালা কী কী ?
- ড) প্রাচীন বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক ও একটি রূপতাত্ত্বিক  
 বৈশিষ্ট্য লেখো।
- ঢ) বিবৃত স্বরধর্মনি ও সংবৃত স্বরধর্মনি কি ? উদাহরণ দাও।
- ণ) আদি-মধ্য বাংলা ভাষার একটি রূপতাত্ত্বিক ও ধ্বনিতাত্ত্বিক  
 বৈশিষ্ট্য লেখো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 8 = 20$

- ক) শাক্ত পদ রচনায় কমলাকাস্ত ভট্টাচার্য কোথায় স্থতন্ত্র, তা বুঝিয়ে  
লেখ।
- খ) কৃত্তিবাসী রামায়ণের মৌলিক দিকগুলি আলোচনা করো।
- গ) বাংলা সাহিত্যের ইতিহাসে বিদ্যাপতিকে অস্তর্ভুক্ত করা হয়  
কেন সে বিষয়ে তোমার মতামত দাও।
- ঘ) বাংলা সাহিত্যের ইতিহাসে দৌলত কাজীর ‘সতীময়না ও  
লোরচন্দ্রণী’ কাব্যের গুরুত্ব বিবৃত করো।
- ঙ) অস্ত্র-মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা  
করো।
- চ) কুটিল লিপি থেকে কীভাবে বাংলা লিপির উদ্ভব হয়েছে, তা  
আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 2 = 20$

- ক) প্রাচীন বাংলার সময়সীমা উল্লেখ করে এই পর্বের বাংলাভাষার  
সাধারণ বৈশিষ্ট্যগুলির বর্ণনা দাও।
- খ) বাঙালি সমাজ ও বাংলা সাহিত্য চৈতন্যদেবের প্রভাব  
আলোচনা করো।
- গ) বাংলা ভাষার উদ্ভব ও ক্রমবিকাশের ধারাটি বর্ণনা করো।
- ঘ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা  
করো।